# ঢাকা বিশ্ববিদ্যালয়

**Digital Entry and Exit System চালু করার বিষয়ে অনুষ্ঠিত সভার (১৬/১০/২০২৫) কার্য-বিবরণী**

শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলগুলোতে সুশৃংখলভাবে প্রবেশ এবং বের হওয়ার জন্য Digital Entry and Exit System চালু করার বিষয়ে ১৬ অক্টোবর ২০২৫ তারিখে উপাচার্য অফিস সংলগ্ন লাউঞ্জে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) এবং রুটিন দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. সায়মা হক বিদিশা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় রোকেয়া হল, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রাধ্যক্ষগণ, শামসুন্নাহার হল প্রাধ্যক্ষের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, আইসিটি সেলের পরিচালক, আইটি অর্গানাইজেশন Spectrum এর কর্মকর্তাবৃন্দ, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) সহ-সভাপতি মু. আবু সাদিক কায়েম, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক মো. মাজহারুল ইসলাম, সমাজসেবা সম্পাদক যুবায়ের বিন নেসারী, সাহিত্য সম্পাদক মোসাদ্দেক ইবনে মো. আলী এবং মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ফাতেমা তাসনিম ঝুমা উপস্থিত ছিলেন।

সভায় ছাত্রী হলগুলোতে আবাসিক ও অনাবাসিক ছাত্রীদের সুশৃংখল/নিয়মতান্ত্রিকভাবে হলে প্রবেশ এবং বের হওয়ার জন্য আধুনিক বিজ্ঞানসম্মত পদ্ধতি চালু করার বিষয়ে প্রাথমিকভাবে আলোচনা হয়। সভায় উপস্থিত সদস্যগণ Digital Entry and Exit System চালু করার ওপর গুরুত্বারোপ করেন এবং দ্রুতই তা বাস্তবায়নের পক্ষে মতামত দেন।

আলোচনার পর নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

সুপারিশ ১। ছাত্রী হলগুলোতে Digital Entry and Exit System চালু করার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

২। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, হল কর্তৃপক্ষ এবং ডাকসু ও হল সংসদ নেতৃবৃন্দ আইটি কর্মকর্তাদের সাথে নিয়ে হলগুলো পরিদর্শন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-
০২.১১.২০২৫
(অধ্যাপক ড. সায়মা হক বিদিশা)
প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)
ও
রুটিন দায়িত্বপ্রাপ্ত উপাচার্য
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজিঃ/৬৬৭৯৭-৮০৭

তারিখ: ২১/৭/১৪৩২ বঙ্গাব্দ
০৫/১১/২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো: